1 MAY 2017

# ইউজিসির সঙ্গে ১৭ বিশ্ববিদ্যালয়ের গবেষণা চুক্তি

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সঙ্গে দেশের ১৬টি সরকারি ও একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের গবেষণা প্রকল্প বাস্তবায়নের চুক্তি সই হয়েছে।

রাউন্ড-৪, উইনডো-১-এর অধীনে নিজ নিজ প্রতিষ্ঠানে টিচিং লার্নিংয়ের উন্নয়নের লক্ষ্যে ৩৮টি সাব-প্রজেক্ট বাস্তবায়নের জন্য দেশের এ ১৭টি বিশ্ববিদ্যালয় ইউজিসির সঙ্গে চুক্তি করেছে। 'উচ্চশিক্ষার মানোন্নয়ন প্রকল্পে'র পৃষ্ঠা ১৫ : কলাম ৬

## ইউজিসির সঙ্গে

[তৃতীয় পৃষ্ঠার পর]

(হেকেপ) এই সাব-প্রজেক্টের অনুকূলে ৫৭ কোটি ৬২ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানটি ইউজিসি অডিটরিয়ামে গতকাল রোববার অনুষ্ঠিত হয়।

ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন ইউজিসি সদস্য অধ্যাপক ড. দিল আফরোজা বেগম এবং অধ্যাপক ড. মো. আখতার হোসেন। অনুষ্ঠানে হেকেপের প্রকল্প পরিচালক ড. গৌরাঙ্গ চন্দ্র মোহন্ত এনডিসি স্বাগত বক্তব্য রাখেন। ইউজিসির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন সচিব ড. মো. খালেদ।

ইউজিসি চেয়ারম্যান সাব-প্রজেক্ট ম্যানেজারদের (এসপিএম) প্রকল্পে বরাদ্দ অর্থ সঠিক সময়ে যথাযথভাবে ব্যবহারের আহ্বান জানান।

চুক্তি স্বাক্ষরকারী বিশ্ববিদ্যালয়গুলো হলো– ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি।

বিশ্ববিদ্যালয়ের সাব-প্রজেক্টের ম্যানেজাররা এবং ইউজিসি ও হেকেপের ঊর্ধ্বতন কর্মকর্তারাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।